# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**10-04-2026** **Time: 1.40 PM**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) নির্বাচনের দ্বিতীয় দফার জন্য জমা পড়া মনোনয়নপত্রগুলি আজ পরীক্ষা করে দেখা হচ্ছে ।

২) বিধানসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল আজ আরেকদফা জেলা সফর শুরু করেছেন।

৩) রাজ্যে হিংসামুক্ত ভোট করতে কমিশন এবার যা যা ব্যবস্থা নিচ্ছে, তা আগে কখনও নেওয়া হয়নি বলে বিশেষ পর্যবেক্ষক ডক্টর সুব্রত গুপ্ত জানিয়েছেন। তিনি আজ আকাশবাণীর সংবাদ বিভাগের  এক বিশেষ কর্মশালায় রাজ্যের মানুষকে নির্ভয়ে ভোট দেওয়ার আহ্বান জানিয়েছেন।

৪) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, বিজেপি পশ্চিমবঙ্গে ক্ষমতায় এলে অনুপ্রবেশকারীদের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ করা হবে। তিনি আজ নির্বাচনী সংকল্প পত্র প্রকাশ করেছেন।

এদিকে, রাজ্যে বিভিন্ন রাজনৈতিক দলের নির্বাচনী প্রচার অভিযান জোরদার হয়ে উঠেছে।

৫) রেশন দুর্নীতি মামলার তদন্তে ইডি আজ সকাল থেকে কলকাতা, হাবড়া, বনগাঁ মুর্শিদাবাদ সহ রাজ্যের অন্তত ১২-টি জায়গায় তল্লাশি চালাচ্ছে।

৬) রাজ্যের প্রায় সব জেলাতেই আগামী চার – পাঁচ দিনে তাপমাত্রা ৫ থেকে ৭ ডিগ্রী পর্যন্ত বাড়তে পারে বলে আলিপুর আবহাওয়া দফতরের পূর্বাভাষ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার জন্য জমা পড়া মনোনয়ন পত্রগুলি **আজ পরীক্ষা করে দেখা হচ্ছে। এই দফায় ১৪২-টি আসনের জন্য মনোনয়ন জমা দেওয়ার শেষ দিন ছিল গতকালই। প্রার্থী পদ প্রত্যাহারের শেষ দিন ১৩ ই এপ্রিল। এই দফায় ২৯ শে এপ্রিল ভোট গ্রহণ।**

**এদিকে প্রথম দফার নির্বাচনের প্রার্থীপদ প্রত্যাহারের সময়সীমা গতকাল শেষ হওয়ার পর, ১৫২ টি আসনের জন্য এক হাজার ৫৮৬ জন প্রার্থী মোট ২'হাজার ৩০৪-টি মনোনয়ন পেশ করেছেন। এই দফায় ভোট নেওয়া হবে আগামী ২৩-শে এপ্রিল।**

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিধানসভা নির্বাচনের প্রস্তুতি সরেজমিনে খতিয়ে দেখতে পশ্চিমবঙ্গের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল, আজ আরেক দফা জেলা সফর শুরু করেছেন।

পূর্ব মেদিনীপুরের পর এবার তিনি বীরভূম এবং মুর্শিদাবাদ সফরে নির্বাচনী প্রস্তুতি খতিয়ে দেখবেন বলে তাঁর দফতর সূত্রের খবর। আজ বোলপুরে পৌঁছনোর পর, বীরভূমের নির্বাচনী প্রস্তুতি নিয়ে জেলাশাসক, পুলিশ সুপার, রিটার্নিং অফিসার সহ সমস্ত আধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন তিনি। বীরভূম থেকে সিইও'র যাওয়ার কথা রয়েছে মুর্শিদাবাদে। সেখানেও সংশ্লিষ্ট জেলা প্রশাসন এবং নির্বাচনী আধিকারিকদের সঙ্গে তিনি প্রস্তুতি বৈঠক করবেন। নিরাপত্তা সংক্রান্ত বিষয় নিয়ে দুই জেলাতেই পুলিশ পর্যবেক্ষকদের সঙ্গেও আলাদা বৈঠকের কথা রয়েছে তাঁর।

পাশাপাশি পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামে বুদ্ধদেব গিরির করা হামলা ও লুটের অভিযোগে, তৃণমূল কংগ্রেস প্রার্থী পবিত্র কর সহ চারজনের বিরুদ্ধে FIR দায়ের

হয়েছে। এই ঘটনায় ইতিমধ্যে নির্বাচন কমিশন ইতমধ্যেই রিপোর্ট তলব করা হয়। সেই রিপোর্টের ওপর নির্ভর করেই FIR দায়ের করা হয়েছে বলে কমিশন জানিয়েছে।

অন্যদিকে, বিচারাধীন ভোটারদের যাচাই পর্ব এখনো সম্পূর্ণ হয়নি। ২২ হাজার ১৬৩ জন ভোটারের এখনো নিষ্পত্তি হওয়া বাকি রয়েছে বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে হিংসা মুক্ত ভোট করতে কমিশন এবার যা যা ব্যবস্থা নিচ্ছে তা আগে কখনও নেওয়া হয়নি বলে বিশেষ পর্যবেক্ষক ডক্টর সুব্রত গুপ্ত জানিয়েছেন। তিনি আকাশবাণীর মাধ্যমে রাজ্যের মানুষকে নির্ভয়ে ভোট দিতে যাওয়ার আহ্বান জানান। আজ আকাশবাণী কলকাতা আসন্ন বিধানসভা নির্বাচন উপলক্ষে সাংবাদিকদের জন্য এক বিশেষ কর্মশালার আয়োজন করেছে। সেখানেই ডঃ গুপ্ত বলেন, নির্বাচন কমিশন এবার বিশেষ সতর্কতা অবলম্বন করছে। তিনি জানান, এবারই প্রথম রাজ্যের ৮৫ হাজার বুথকে স্পর্শকাতর চিহ্নিত করা হয়েছে এবং প্রতিটি বুথে ন্যূনতম চারজন সশস্ত্র বাহিনী নিযুক্ত থাকবে।

(বাইট – সুব্রত গুপ্ত)

নির্বাচনের দিন প্রতি ১০ টি বুথের জন্য একটি করে কুইক এর রিএকশন টিম থাকছে এবার। নির্বাচন ১০০% ওয়েব কাস্টিং করা হচ্ছে এবং প্রয়োজনে এআই ব্যবহার করে প্রতিটি ভিডিও বিশ্লেষণ করা হবে বলেও তিনি জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

“ভোটের পর্ব পশ্চিমবঙ্গের গর্ব " এই শ্লোগানকে সামনে রেখে ভয়মুক্ত, সুষ্ঠু ও নিরপেক্ষ ভোটের আহ্বান জানিয়েছে নির্বাচন কমিশন। বুথ জ্যাম, ছাপ্পা ভোট, ভোটারদের প্রভাবিত না করার মতো ছয়টি বিশেষ নির্দেশিকা কমিশনের তরফে জারি করা হয়েছে। রাজ্যের আসন্ন বিধানসভা নির্বাচনের আগে আজ আকাশবাণী সংবাদ বিভাগ তাদের সাংবাদিক ও প্রতিনিধিদের জন্য এক বিশেষ কর্মশালায় আয়োজন

করেছে। রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী সেখানে বলেন, মানুষ সঠিক সংবাদ ও নির্ভরযোগ্য তথ্যের জন্য আকাশবাণী এবং দূরদর্শনের উপরে ভরসা করে থাকেন। সব ধরনের প্রচার মাধ্যমের প্রতিই কমিশনের দেওয়া নির্দেশিকা মেনে চলার আহ্বান জানান তিনি ।

উপ মুখ্য নির্বাচনী আধিকারিক সুমন্ত রায় সাংবাদিকদের নির্বাচনী খবর সংগ্রহ ও পরিবেশন সংক্রান্ত বিভিন্ন নিয়মাবলী বুঝিয়ে বলেন। কর্মশালায় রাজ্য বিদানসভা নির্বাচনের বিশেষ পর্যবেক্ষন ডঃ সুব্রত গুপ্ত, আকাশবাণীর হেড অব অফিস সুচিস্মিতা রায়, পি আই বি এবং সিবিসির পূর্বাঞ্চলীয় মহানির্দেশক টি ভি কে রেড্ডি, পি আই বি সিবিসি-র অতিরিক্ত মহা নির্দেশক জেন নামচু, আকাশবাণী সংবাদ বিভাগের প্রধান ডা. সুশ্রুত শর্মা সহ অন্য কর্মী আধিকারিকরা উপস্থিত ছিলেন।

oooooooooooooooooooooooo

আসন্ন বিধানসভা নির্বাচনের আগে বুথ লেভেল অফিসার-BLO দের ভূমিকা ও দায়িত্ব নিয়ে বিস্তারিত নির্দেশিকা জারি করেছে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর। নির্দেশ অনুযায়ী, BLOদের বাড়ি বাড়ি গিয়ে ভোটার ইনফরমেশন স্লিপ বিতরণ করতে হবে। ভোটগ্রহনের তারিখের অন্তত পাঁচ দিন আগে এই কাজ শেষ করতে হবে তাদের। নিরপেক্ষতা বজায় রাখার ক্ষেত্রে কোন অভিযোগ প্রমাণিত হলে সংশ্লিষ্ট বিএলওর বিরুদ্ধে কড়া ব্যবস্থা গ্রহণের সতর্কবার্তাও দেওয়া হয়েছে।

এছাড়া ভোটকেন্দ্রে ওয়েবকাস্টিংয়ের ব্যবস্থা, ক্যামেরার সঠিক অবস্থান এবং তার কার্যকারিতা নিশ্চিত করার দায়িত্বও BLO ও সেক্টর অফিসারদের উপর দেওয়া হয়েছে। ভোটের দিনে ভোটারদের সহায়তার জন্য প্রতিটি কেন্দ্রে 'ভোটার অ্যাসিস্ট্যান্স বুথ' খোলা হবে, যেখানে ভোটার নিজের নাম তালিকায় দেখতে পারবেন। ভোটদানের গোপনীয়তা বজায় রেখে ভোটকেন্দ্রে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করারও নির্দেশ দেওয়া হয়েছে।

oooooooooooooooooooo

রাজ্যে বিজেপি সরকার ক্ষমতায় এলে অনুপ্রবেশের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ করবে। কলকাতায় আজ বিজেপির সংকল্প পত্র বা নির্বাচনী ইশতেহার প্রকাশ করে বরিষ্ঠ বিজেপি নেতা ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেন, অনুপ্রবেশের কারণে রাজ্যের মানুষ ভীত হয়ে রয়েছে। বিজেপি সরকার সেই ভয় থেকে মানুষকে মুক্তি দেবে। এছাড়া অন্যান্য প্রতিশ্রুতির মধ্যে রয়েছে সব সরকারি কর্মচারীদের বকেয়া মহার্ঘ্য ভাতা ও ক্ষমতায় আসার ৪৫দিনের মধ্যে সপ্তম বেতন কমিশন চালু করা, মহিলাদের আত্মনির্ভর করে তুলতে মাসের ১ থেকে ৫ তারিখের মধ্যে তাদের অ্যাকাউন্টে ৩ হাজার টাকা পৌঁছে দেওয়া হবে। পাশাপাশি বেকার যুবক যুবতীদের জন্য মাসে ৩হাজার টাকা প্রদান করা হবে।

oooooooooooooooooooooo

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি অভিযোগ করেছেন, বিজেপি বাংলায় বিভাজনের রাজনীতি করছে। আজ উত্তর ২৪ পরগনার স্বরূপনগরে এক জনসভায় যোগ দিয়ে তিনি বলেন, সীমান্ত এলাকায় বিজেপি বহিরাগতদের ঢোকাচ্ছে। ভোট পেটে টাকা বিলি চলছে বলেও তাঁর অভিযোগ।

বাংলা দখলের জন্য বিজেপির অঙ্গুলী হেলনে এসআইআর করে রাজ্যে ৯০ লক্ষের বেশি মানুষের নাম বাদ দেওয়া হয়েছে। তা সত্ত্বেও তৃণমূল কংগ্রেসই বিধানসভা নির্বাচনে জয়লাভ করবে। তিনি গতকাল উত্তর 24 পরগনার মিনাখাই দলীয় প্রার্থীর সমর্থনে এক জনসভায় বক্তব্য রাখেন। ভিন রাজ্যের বাংলাভাষীরা অনুপ্রবেশকারী হলে এই রাজ্যে অন্য রাজ্যের বিজেপি নেতারাও অনুপ্রবেশকারী হিসেবে গণ্য হবেন বলে তিনি মন্তব্য করেন।

প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী পশ্চিমবঙ্গ পরিযায়ী শ্রমিকের সরবরাহ কেন্দ্র হয়ে উঠেছে বলে মন্তব্য করেছেন। তিনি গতকাল মুর্শিদাবাদের জনসভায় বলেন, যে রাজ্য একসময় উন্নয়নের কেন্দ্র বিন্দুতে ছিল তা এখন হয়ে উঠেছে পিছিয়ে পড়া রাজ্যগুলির অন্যতম।

এদিকে নির্বাচনী ইস্তেহার প্রকাশ করার পর স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ পশ্চিম মেদিনীপুরের উদ্দেশ্যে রওনা দেবেন। সেখানে ডেবরা এবং খড়্গাপুরে দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভা ও রোড শো করার কথা। শ্রী শাহ সন্ধ্যায় খড়গপুরে দলের এক সাংগঠনিক বৈঠকেও উপস্থিত থাকবেন।

উত্তরপাড়া বিধানসভা কেন্দ্রের সিপিআইএম প্রার্থী মীনাক্ষী মুখোপাধ্যায় এলাকায় আজ জনসংযোগ করছেন। নিজ নিজ কেন্দ্রে প্রচারে অংশ নিচ্ছেন দীপ্সিতা ধর,আফরিন বেগম, বিকাশ রঞ্জন ভট্টাচার্য প্রমূখ।তৃণমূল কংগ্রেস, কংগ্রেস প্রার্থীরাও জোর কদমে প্রচার শুরু করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

_রেশন দুর্নীতি মামলার তদন্তে এনফোর্সমেন্ট নির্দেশালয়-ইডি, আজ সকাল থেকে কলকাতা, হাবড়া, বনগাঁ, মুর্শিদাবাদ সহ রাজ্যের অন্তত ১২ টি জায়গায় তল্লাশি চালাচ্ছে। কলকাতায় ব্যবসায়ী বসন্ত কুমার শরাফ-এর লর্ড সিন্‌হা রোডের বাড়ি, মিন্টো পার্ক এবং পোদ্দার কোর্টের ৬’টি অফিসেও তল্লাশি চলেছে।

উত্তর ২৪ পরগণার বনগাঁর জয়পুর ও আমলাপাড়া একালায় আজ সকালেই পৌঁছে যান ইডির আধিকারিকরা। জয়পুর এলাকার আমদানি-রপ্তানি ব্যাবসায়ী আতুব মন্ডল এবং আমলাপাড়ার হোটেল ব্যবসায়ী পরিতোষ বিশ্বাসের বাড়িতেও চলে তল্লাশি। পরিতোষ বাবু ছড়ঘড়িয়া পঞ্চায়েতের তৃণমূল কংগ্রেস সদস্য হিসেবে পরিচিত।

উল্লেখ্য, এর আগে হাবড়ার জয়গাছির চাল ব্যবসায়ী নিরঞ্জন সাহার বাড়িতে তল্লাশি চালায় ইডি। ঘোজাডাঙ্গা এলাকা থেকে চাল চুরির অভিযোগে এর আগে তিনি গ্রেপ্তার’ও হয়েছিলেন। এবারেও শাসক দলের প্রার্থী জ্যোতিপ্রিয় মল্লিকের ঘনিষ্ঠ নিরঞ্জন সাহার বাড়িতে নির্বাচনের মুখে তল্লাশি চালানোয় এলাকায় চাঞ্চল্য।

অন্যদিকে, মুর্শিদাবাদ জেলার সাগরদিঘিতে আজ দুই জায়গায় তল্লাশি করছে ইডি। সাগরদিঘীর হরহরি গ্রামে রেশন দুর্নীতি মামলার তদন্তে ,গ্রামের বাসিন্দা এলাকার বড়

চাল ব্যাবসায়ী সাহাবুদ্দিন শেখ ও স্থানীয় পঞ্চায়েতের তৃণমূল কংগ্রেসের সদস্যার বাড়িতে তল্লাশী শুরু করেন তদন্তকারীরা। ওই পঞ্চায়েত সদস্যার স্বামী মজিবর রহামানও একসময় চাল ব্যাবসায়ী ছিলেন। দীর্ঘিদিন ধরেই তিনি বাড়ি ছাড়া।

০০০০০০০০০০০০০০০০০০০০০

সরকারি কর্মচারীদের উপর হামলা ও প্রাপ্ত ডিএ না মেটানোর প্রতিবাদে আগামী রবিবার ভাবানীপুর হাজরার মোড়ে যৌথ মঞ্চের মিছিলের আবেদন খারিজ করে দিয়েছে কলকাতা হাইকোর্ট। তবে হাজরা মোড়ে সংগ্রামী যৌথ মঞ্চ অবস্থান বিক্ষোভ করতে পারবে বলে,নির্দেশ দিয়েছেন বিচারপতি সৌগত ভট্টাচার্য। তবে, বেশ কয়েকটি শর্তসাপেক্ষে অবস্থান বিক্ষোভ এর অনুমতি দিয়েছেন তিনি।বেলা ১ টা থেকে ৪ টে পর্যন্ত শব্দ বিধি মেনে ,সরবাধিক ১০০০ লোক নিয়ে অবস্থান বিক্ষোভ করা যাবে । যান চলাচলে বাধা সৃষ্টি করা যাবে না। পুলিশ আইনশৃঙ্খলা কঠোর হাতে নিয়ন্ত্রণ করবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

RG KAR হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় সিবিআই প্রয়োজনে মূল অভিযুক্ত সঞ্জয় রায় সহ যে কাউকে ফের জিজ্ঞাসাবাদ করতে পারে বলে কলকাতা হাইকোর্ট নির্দেশ দিয়েছে। দুই বিচারপতি রাজাশেখর মান্থা ও রাই চট্টোপাধ্যায়ের ডিভিশন বেঞ্চ জানিয়েছেন, ঘটনায় আজীবন সাজাপ্রাপ্ত বন্দী সঞ্জয় অনেক কিছুই জানেন। তাকে জিজ্ঞাসাবাদ করতে CBI যাতে কোনো দ্বিধা না করে সেই নির্দেশও দিয়েছে আদালত। এই নির্দেশের প্রেক্ষিতে CBI কে তাদের বক্তব্য বা রিপোর্ট আগামী ১২ মে সকাল সাড়ে দশটায় আদালতে দাখিল করতে হবে । ঐ দিন প্রথম মামলাটি শুনানির জন্যে গ্রহণ করা হবে। পাশাপাশি সিবিআইয়ের দায়ের করা সঞ্জয় রায়ের মৃত্যুদণ্ড এবং তার বেকসুর খালাসের আবেদনেরও একইসঙ্গে শুনানি প্রয়োজন বলে ডিভিশন বেঞ্চ উল্লেখ করেছে।

RG KAR কাণ্ডের কুড়ি মাস পেরিয়ে গেলেও এখনো নির্যাতিতা বিচার পায়নি বলে অভিযোগ তুলে গতকাল কলকাতার শ্যামবাজারে বিক্ষোভ দেখিয়েছে অভয়া মঞ্চ। RG KAR মেডিকেল কলেজ হাসপাতাল থেকে শ্যামবাজার পর্যন্ত মিছিলে শামিল হয়েছিলেন চিকিৎসক, সমাজকর্মী সহ বহু মানুষ। মিছিল শেষে শ্যামবাজারে প্রতিবাদ কর্মসূচি পালন করছে অভয়া মঞ্চ।

oooooooooooooooooooooooooo

রাজ্যে আগামী ৪/৫ দিনে প্রায় সব জেলাতেই তাপমাত্রা ৫ থেকে ৭ ডিগ্রি পর্যন্ত বাড়তে পারে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

গরম ও অস্বস্তিকর আবহাওয়া এড়াতে দুপুর ১১ টা থেকে বিকেল চারটে পর্যন্ত প্রয়োজন ছাড়া বাড়ির বাইরে না যাওয়ার পরামর্শ দেয়া হয়েছে।

এদিকে, দক্ষিণবঙ্গে আজ থেকে বৃষ্টির পরিমাণ কমলেও উত্তরবঙ্গের উত্তরের জেলাগুলিতে আজও বজ্রবিদ্যুৎসহ হালকা বৃষ্টির সম্ভাবনা।

অন্যদিকে, আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২২ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে ৩ দশমিক ১ ডিগ্রি কম।

ooooooooooooooooooooooo

ooooooooooooooooooooooooo